রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৭, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৩শে ফাল্গুন, ১৩৯৫/৭ই মার্চ, ১৯৮৯

**নং এস, আর, ও ৬৭-আইন**—সম্পত্তি জরুরী অধিগ্রহণ আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ৯ নং আইন) এর ধারা ৩৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধি প্রণয়ন করিলেন, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরনাম**।—এই বিধিমালা সম্পত্তি জরুরী অধিগ্রহণ বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না হইলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ সম্পত্তি জরুরী অধিগ্রহণ আইন, ১৯৮৯ বুঝায়; এবং

(খ) "জেলা প্রশাসক" অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা প্রশাসকের প্রদত্ত ক্ষমতা ও দায়িত্ব পালনের জন্য জেলা প্রশাসক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য যে কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(গ) "ধারা" অর্থ আইনের কোন ধারা;

(ঘ) "ফরম" অর্থ এই বিধিসমূহে সংলগ্ন ফরমকে বুঝায়।

৩। **অধিগ্রহণ কার্যক্রম**।—আইনের অধীন সম্পত্তি অধিগ্রহণের প্রত্যেক প্রস্তাবের জন পৃথক কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

৪। **অধিগ্রহণ আদেশ**।—ধারা ৪ এর অধীন অধিগ্রহণ আদেশ ফরম 'ক'তে জারী করা হইবে।



মূল্যঃ ৬০ পয়সা

৫। **অধিগ্রহণকৃত সম্পত্তির দাবীদারকে শুনানীর সুযোগ প্রদান।**—ধারা ৫ এর বিধান অনুসারে অধিগ্রহণ আদেশ জারী হইবার পর যাহারা অধিগ্রহণকৃত সম্পত্তিতে স্বত্ব বা অংশ দাবী করেন তাহাদিগকে তাহাদের দাবীর স্বপক্ষে সাক্ষ্য-প্রমাণ উপস্থাপনের ও শুনানীর সুযোগ দানের উদ্দেশ্যে একটি তারিখ নির্ধারণ করিয়া 'খ' ফরমে একটি নোটিশ প্রদান করিতে হইবে।

৬। **সাময়িক ক্ষতিপূরণ গ্রহণের নির্দেশ সম্বলিত নোটিশ।**—অধিগ্রহণকৃত সম্পত্তির জন্য যাহারা স্বার্থসম্পন্ন ব্যক্তি বলিয়া নির্ধারিত হইবেন এবং উক্ত সম্পত্তির জন্য যাহাদিগকে সাময়িক ক্ষতিপূরণ দেওয়া হইবে তাহাদিগকে সাময়িক ক্ষতিপূরণের টাকা গ্রহণের নির্দেশ সম্বলিত একটি নোটিশ ফরম 'গ' তে প্রদান করিতে হইবে।

৭। **অধিগ্রহণকৃত সম্পত্তি সরকারে ন্যস্ত হওয়ার ঘোষণা।**—ধারা ৯ এর অধীন যে সকল অধিগ্রহণকৃত সম্পত্তি সরকারে ন্যস্ত হয়; সেই সকল সম্পত্তি সরকারে ন্যস্ত হওয়া সম্পর্কে একটি ঘোষণা জনসাধারণের জ্ঞাতার্থে উক্তরূপ ন্যস্ত হওয়ার সাত দিনের মধ্যে সরকারী গেজেটে প্রকাশ করিতে হইবে।

৮। **আদেশ ও নোটিশ জারীর পদ্ধতি।**—এই বিধিমালার অধীন যে কোন আদেশ বা নোটিশ ধারা ২৮ এর বিধান অনুসারে জারী করিতে হইবে।

৯। **সাময়িক ক্ষতিপূরণ নির্ধারণের বিবেচ্য বিষয়।**—ধারা ৭ এর অধীন সাময়িক ক্ষতিপূরণ নির্ধারণের সময় ধারা ১২(১) এ বিধৃত বিষয়গুলিও যথাসম্ভব বিবেচনা করা যাইবে।

১০। **অধিগ্রহণকৃত ভবন ইত্যাদির বাজার দর নির্ধারণের প্রক্রিয়া।**—অধিগ্রহণকৃত পাকা অথবা কাঁচা ভবন, ছাউনি বা দেয়াল ঘেরা অংগনের বাজার দর নির্ধারণের ক্ষেত্রে গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সহিত আলোচনা করিয়া উহার নির্মাণ ব্যয়, ভূমি উন্নয়ন ব্যয় এবং উহার অবক্ষয়ের প্রতি দৃষ্টি রাখিয়া উক্ত বাজার দর নির্ধারণ করিতে হইবে।

১১। **অধিগ্রহণকৃত অব্যবহৃত সম্পত্তি।**—এই আইনের অধীনে জেলা প্রশাসক বিভিন্ন প্রত্যাশী সংস্থার জন্য সম্পত্তি অধিগ্রহণ এবং ভূমির ব্যবহারের ধরণের ব্যাপারে সরকারকে একটি বাৎসরিক বিবৃতি পেশ করিবেন। এই বিবৃতি প্রতি বৎসরের ৩০ সেপ্টেম্বর তারিখের মধ্যে পেশ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বজলুর রহমান সিকদার**

উপ-সচিব।

ফরম 'ক'

(সম্পত্তি জরুরী অধিগ্রহণ বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪ দ্রষ্টব্য)

অধিগ্রহণ কেস নং.............

## সম্পত্তি অধিগ্রহণ আদেশ

যেহেতু প্লাবন ও প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্ট বন্যা ও জলোচ্ছ্বাস নিয়ন্ত্রণ কল্পে/নদী ভাঙ্গন রোধকল্পে স্থায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নতফশিলে বর্ণিত সম্পত্তি অতঃপর তফশিলভুক্ত সম্পত্তি বলিয়া উল্লেখিত জরুরী ভিত্তিতে অধিগ্রহণ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু নিম্নস্বাক্ষরকারী সরকারের নির্দেশক্রমে/পূর্বানুমোদনক্রমে সম্পত্তি জরুরী অধিগ্রহণ আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ৯ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে তফশিলভুক্ত সম্পত্তি অধিগ্রহণ করিলাম।

২। তফশিলভুক্ত সম্পত্তিতে যাহারা কোন স্বত্ব বা অধিকার দাবী করেন তাহাদিগকে এতদ্বারা নির্দেশ দেওয়া যাইতেছে যে, তাহাদের স্বত্বের বিবরণ, তাহাদের দাবীর স্বপক্ষে যুক্তিসহ সম্পত্তিতে তাহাদের অংশের পরিমাণ উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট একটি দরখাস্ত দাখিল করিবেন।

৩। অনুচ্ছেদ ২ এ উল্লেখিত স্বত্ব বা অধিকারের বিবরণ এই আদেশ জারীর তারিখ হইতে দশ দিনের মধ্যে উক্ত দাবীদার কর্তৃক বা লিখিতভাবে তাহার ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিনিধির মাধ্যমে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করিতে হইবে।

### তফসিল

| ক্রমিক নং। | উপজেলার নাম | মৌজার নাম ও জে, এল, নম্বর। | খতিয়ান নম্বর | দাগ নম্বর ও অধিগ্রহণকৃত সম্পত্তির পরিমাণ। | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | | ৩ | ৪ | ৫ | ৬ |

তারিখ..........

জেলা প্রশাসক,

..........জেলা।

ফরম 'খ'

(সম্পত্তি জরুরী অধিগ্রহণ বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৫ দ্রষ্টব্য)

অধিগ্রহণ কেস নং..........

শুনানীর নোটিশ

প্রাপক : ....................

আপনার................তারিখের দরখাস্তের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, আগামী ............তারিখ বেলা........ঘটিকায় আমার দপ্তরে অধিগ্রহণের জন্য মৌজা নং........দাগ নং...... এবং......খতিয়ানের সম্পত্তিতে আপনার স্বত্ব ও অংশের দাবী প্রমাণ করার জন্য সংশ্লিষ্ট দলিল পত্রসহ আপনি নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত/নিযুক্ত প্রতিনিধি মারফত হাজির হইবেন।

তারিখ :.................... জেলা প্রশাসক।

ফরম 'গ'

(সম্পত্তি জরুরী অধিগ্রহণ বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৬ দ্রষ্টব্য)

অধিগ্রহণ কেস নং.................

সাময়িক ক্ষতিপূরণ গ্রহণের নোটিশ

প্রাপক :..................

সম্পত্তি জরুরী অধিগ্রহণ আইন, ১৯৮৯-এর ৮ ধারার বিধান মোতাবেক এতদ্বারা আপনাকে জানান যাইতেছে যে, উপরোক্ত অধিগ্রহণ কেসে আপনাকে স্বার্থ সম্পন্ন ব্যক্তি বলিয়া বিবেচনা করা হইয়াছে এবং আমার মতে নিম্নলিখিত হারে আপনাকে সাময়িক ক্ষতিপূরণ প্রদান করা হইবে।

প্রতি একর জমির ক্ষতিপূরণ..........টাকা হিসাবে মোট টাকা............

ঘরবাড়ীর ক্ষতিপূরণ.............টাকা হিসাবে মোট টাকা...........

অন্যান্য সম্পত্তি বাবদ ক্ষতিপূরণ...........টাকা হিসাবে মোট টাকা............

সর্বমোট টাকা............

আপনাকে প্রদেয় টাকা...................

আপনি ব্যক্তিগতভাবে অথবা আপনার নিযুক্ত প্রতিনিধির মারফত আমার নিকট উপস্থিত হইয়া................তারিখে টাকা গ্রহণ করিবেন।

তারিখ :.......... জেলা প্রশাসক।

ফরম 'ঘ'

(সম্পত্তি জরুরী অধিগ্রহণ বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৭ দ্রষ্টব্য)

অধিগ্রহণ কেস নং..............

অধিগ্রহণকৃত সম্পত্তি সরকারে ন্যস্ত হওয়ার

'প্রজ্ঞাপন'

যেহেতু নিম্ন তফশিলভুক্ত ভূমি সম্পত্তি জরুরী অধিগ্রহণ আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ৯ নং আইন) এর ধারা ৪ এর অধীনে অধিগ্রহণের জন্য............তারিখে........... নং আদেশ জারী হইয়াছে;

এবং যেহেতু উক্ত আইনের ধারা ৮ এর অধীন উক্ত সম্পত্তি বাবদ সাময়িক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে বা ক্ষেত্রবিশেষে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত দাবীদারদের নামে প্রজাতন্ত্রের সরকারী হিসাবে জমা করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি..........তারিখে দায়মুক্ত অবস্থায় সরকারে ন্যস্ত হইয়াছে এবং উক্ত সম্পত্তিতে সম্পত্তির মালিক বা অন্য কোন ব্যক্তির সর্বপ্রকার স্বত্ব বা দাবী বিলুপ্ত হইয়াছে;

সেহেতু উক্ত আইনের ধারা ৯(২) এর বিধান মোতাবেক উক্ত সম্পত্তি অধিগ্রহণের আদেশ, উক্ত সম্পত্তির বিবরণ ও উহা সরকারে ন্যস্ত হওয়ার তারিখ জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

**তফসিল**

অধিগ্রহণ আদেশ ঃ...................

অধিগ্রহণকৃত সম্পত্তি
সরকারে ন্যস্ত হওয়ার তারিখ ঃ..................

সম্পত্তির বিবরণ ঃ

| ক্রমিক নং। | উপজেলার নাম | মৌজার নাম ও জে, এল, নম্বর। | খতিয়ান নম্বর | দাগ নম্বর ও জমির পরিমাণ। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।